

বিষয়: ০১ (এক)সপ্তাহ মেয়াদী শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষার্থীদের নামের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মালিক/শ্রমিক সম্পর্কের উন্নয়ন, গঠনমূলক ট্রেড ইউনিয়নের কর্মকান্ড পরিচালনা, শ্রম আইন ও শ্রম অর্থনীতির মৌলিক বিষয়ে প্রশিক্ষার্থীদের মধ্যে সচেতনতা, সুস্থ শ্রম ব্যবস্থাপনা এবং উৎপাদন ও কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদান, মালিক / ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং শ্রমিক / কর্মচারীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন, শিল্প প্রতিষ্ঠানে শান্তি ও শৃঙ্খলা বজায় রেখে অধিক উৎপাদন নিশ্চিত করনের লক্ষ্যে সরকারী উদ্যোগে অত্র শ্রম কল্যাণ কেন্দ্রে আগামী ২৬/১১/২০২৩খ্রিঃ হইতে ৩০/১১/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) সপ্তাহ মেয়াদী শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স আয়োজনের প্রস্তাব করছে। সেই মতে আপনার প্রতিষ্ঠান / শ্রমিক ইউনিয়নের ৩৫ (পঁয়ত্রিশ) জন মনোনীত শ্রমিক / কর্মচারী (পুরুষ ও মহিলাসহ) একটি তালিকা নিম্নবর্ণিত “ছক” অনুযায়ী আগামী ২৩/১১/২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অত্র শ্রম কল্যাণ কেন্দ্রে প্রেরনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ কর্মসূচী প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত চলবে।

**আলোচ্য প্রশিক্ষণ কোর্সের পাঠ্যসূচী নিম্নরূপঃ**

১। শ্রমিক নিয়োগ ও চাকুরীর শর্তাবলী ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ২। প্রসুতি কল্যাণ সুবিধা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৩। স্বাস্থ্য রক্ষা সুবিধা (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৪। শ্রমিকদের নিরাপত্তা ব্যবস্থা ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৫। শ্রমিকদের কল্যাণ মূলক ব্যবস্থা ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৬। কর্মঘণ্টা ও ছুটি ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৭। দুর্ঘটনা জনিত কারণে খরচের জন্য শ্রমিকে ক্ষতিপূরণ (বাংলাদেশ শ্রম আইন-২০০৬) ৮। ট্রেড ইউনিয়ন গঠন রেজিস্ট্রেশন ও পদ্ধতি (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ৯। যৌথ দরকষাকষি প্রতিনিধি নির্ধারন ও এর কার্যক্রম ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১০। শিল্প বিরোধ উত্থাপন ও নিষ্পত্তি করন ( বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১১। অপরাধ দন্ড ও পদ্ধতি (বাংলাদেশ শ্রম আইন -২০০৬) ১২। সঞ্চয় ও বিনিয়োগ ১৩। হ্রদরোগ, কিন্ডনি বৈকল্য ও ডায়াবেটিসের লক্ষণ প্রতিরোধ ও প্রতিকার ১৪। এইচ,আই,ভি এইডস এর কারন, লক্ষন প্রতিরোধ ও প্রতিকার ১৫। যৌতুক একটি সামাজিক অভিশাপ এর প্রতিকার এবং আমাদের করনীয় ১৬। অটিজম ১৭। শূদ্ধাচার ও নৈতিকতা ১৮। ট্রফিক আইন ও শ্রমিকদের দায়িত্ব ১৯। কারখানায় অগ্নিনির্বাপন ব্যবস্থা ২০। ড্রাইভিং লাইসেন্স গ্রহন ও নবায়ন ২১। শিশু শ্রম ও এর প্রতিকার ২২। জরুরী ও উহা পরিশোধ এবং ২৩। শ্রমিকদের নিরাপত্তা ও আইনী সহায়তা পাবার পদ্ধতি ২৪। জাতীয় পরিচয় পত্রের গুরুত্ব ও সংগ্রহ ২৫। সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা-২০২০ ২৬। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মজীবন ও আত্মজীবন ২৭। ডেঞ্জু অটিজম এবং কোভিড -১৯ এর লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকার।

উল্লেখ্য যে, প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ চলাকালীন দিনগুলি আপনার প্রতিষ্ঠানের কর্মরত দিন হিসাবে গন্য হবে। প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণে উল্লেখিত দিনগুলির প্রতিদিন অত্র শ্রম কল্যাণ কেন্দ্র হতে ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। আপনার সহযোগিতা একান্ত কাম্য।

**“ ১ (এক) সপ্তাহ মেয়াদী শ্রমিক প্রশিক্ষণ কোর্সের মনোনয়ন “ ছক ”**

ক্রমিক নং	প্রশিক্ষার্থীদের নাম / পিতা/স্বামীর নাম	জাতীয় পরিচয় পত্র নম্বর এবং মোবাইল নম্বর	শিক্ষাগত যোগ্যতা	ঠিকানা	পদবী	বয়স	কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

(মোঃ আশ্ফাক খালেক)  
শ্রম কল্যাণ সংগঠক ও  
কোর্স সমন্বয়কারী  
শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী

বিতরণঃ

১) সভাপতি/সাধারণ সম্পাদক, সৈয়দপুর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং- রাজঃ ১৬৩৩৫), সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং- ৪০.০২.০০০০.৪২০.২৫.০০২.১৯-১৪৪/১(৪)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক(মেডিকেল), শ্রম অধিদপ্তর, ঢাকা।
- ৩) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর।
- ৪) অফিস কপি, অত্র দপ্তর।

তারিখঃ- ১৯/১১/২০২৩ খ্রিঃ।

(মোঃ আশ্ফাক খালেক)  
শ্রম কল্যাণ সংগঠক ও  
কোর্স সমন্বয়কারী  
শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নীলফামারী